

বরাবর,  
মহাপরিচালক  
বন্দ্র অধিদপ্তর, বিটিএমসি ভবন  
৭-৯, কাওরান বাজার, ঢাকা।

পরিশিষ্ট-ক

বিষয়ঃ বায়িংহাউজ/লিয়াজো অফিস/ট্রেডিং হাউজের নিবন্ধন/নবায়ন আবেদন।

১. প্রতিষ্ঠানের নাম :									
২. ঠিকানা :									
এলাকা/সড়ক নং:		থানা:		পো: অফিস:					
জেলা :		দেশের নাম:		ফ্যাক্স:					
মোবাইল :		ফোন:		ই-মেইল:					
৩. মূল প্রতিষ্ঠানের নাম:									
এলাকা/সড়ক নং:		থানা:		পো: অফিস:					
জেলা :		দেশের নাম:		ফ্যাক্স:					
মোবাইল :		ফোন:		ই-মেইল:					
৪. ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার/স্বত্বাধিকারীর নাম ও যোগাযোগের ঠিকানা:									
৫. বায়িংহাউজ/লিয়াজো অফিস/ট্রেডিং হাউজের কার্যক্রম শুরুর সন:									
৬. মোট বিনিয়োগ:									
(ক) স্থানীয় মুদ্রায়..... (টাকা)									
(খ) বৈদেশিক মুদ্রায়.....(ডলার)									
৭. বিনিয়োগ বিবরণ:		স্থানীয় মুদ্রায়		বৈদেশিক মুদ্রায়		মোট		ঋণপ্রদানকারী সংস্থা ও দেশের নাম (প্রযোজ্য ক্ষেত্রে)	
(ক) উদ্যোগের নিজস্ব মূলধন									
(খ) স্থানীয় ঋণ									
(গ) বৈদেশিক ঋণ									
মোট =									
৮. কর্মসংস্থান:		স্থানীয় (জন)		বিদেশী (জন)		মোট (জন)			
		পুরুষ	মহিলা	পুরুষ	মহিলা	পুরুষ	মহিলা		
(ক) ব্যবস্থাপনা/প্রশাসনিক									
(খ) কর্মচারী/শ্রমিক									
মোট									
৯. জাতীয় পরিচয়পত্র নম্বর (NID) প্রযোজ্য ক্ষেত্রে:									
১০. ট্রেড লাইসেন্স নম্বর ও প্রদানকারী কর্তৃপক্ষ:									
১১. টিআইএন নম্বর:									
১২. পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ব্যাংকের নামসহ) নম্বর ও তারিখ:									

আমি/আমরা এই মর্মে অঙ্গীকার করিতেছি যে, উপরে বর্ণিত তথ্যাবলী সত্য ও সঠিক। কোন তথ্য অসত্য প্রমাণিত হইলে আইনানুগ যে শাস্তি আরোপ করা হইবে, তাহা মানিয়া নিতে বাধ্য থাকিব।

স্বাক্ষরঃ

নামঃ

পদবী (ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার/স্বত্বাধিকারী) ও সীল

নং- ২৪.০০.০০০০.১১৫.২২.০০৫.১৬ (অংশ-১)-১১২

তারিখঃ ১৮ চৈত্র, ১৪২৫ বঙ্গাব্দ  
০১ এপ্রিল, ২০১৯ খ্রিস্টাব্দ

### প্রজ্ঞাপন

বস্ত্র আইন, ২০১৮ (২০১৮ সনের ৩৭ নং আইন) এর ১৪ ধারার ক্ষমতাবলে বায়িং হাউজের নিবন্ধন আবেদনের পদ্ধতি, নিবন্ধন সনদ প্রদান, নিবন্ধন স্থগিত, বাতিল ও নবায়ন, ফি নির্ধারণসহ অন্যান্য প্রয়োজনীয় বিষয়াদি সরকার নিম্নরূপে নির্ধারণ করিল।

১। নিবন্ধকঃ মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, বায়িং হাউজ নিবন্ধকের দায়িত্ব পালন করিবেন;

তবে শর্ত থাকে যে, প্রয়োজনীয়তার নিরিখে, সরকার সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, অধিদপ্তরের অন্য কোন উপযুক্ত কর্মকর্তাকে বায়িং হাউজের নিবন্ধকের ক্ষমতা অর্পন করিতে পারিবে।

২। নিবন্ধন আবেদন পদ্ধতিঃ

১) বস্ত্র অধিদপ্তর, নিবন্ধন সনদ প্রাপ্তির জন্য নিম্নলিখিত কাগজ পত্রাদিসহ নির্ধারিত ফরম-এ মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর বরাবর আবেদন করিবেন-

(ক) হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত কপি।

(খ) হালনাগাদ আয়কর সনদের সত্যায়িত কপি।

(গ) লিমিটেড কোম্পানির ক্ষেত্রে সার্টিফিকেট অব ইনকরপোরেশনসহ মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশনের কপি, অংশীদারী প্রতিষ্ঠান হলে অংশীদারী চুক্তিপত্র এর কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।

(ঙ) সম্ভাব্য বাৎসরিক টার্নওভার।

(চ) সংশ্লিষ্ট বাণিজ্যিক সংগঠনের সদস্য পদের সনদ পত্রের সত্যায়িত কপি।

(ছ) নিবন্ধন ফি বাবদ মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, ঢাকা বরাবর ২০,০০০/- (বিশ হাজার) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার।

(জ) ব্যাংক কর্তৃক আর্থিক স্বচ্ছলতা সনদ।

২) প্রয়োজনে নিবন্ধক, উপ-অনুচ্ছেদ ১ এ উল্লিখিত প্রধান প্রধান কাগজ পত্রাদির আংশিক প্রাপ্তি সাপেক্ষে সরকারের পূর্বনুমোদনক্রমে সাময়িক নিবন্ধন সনদ প্রদান করিতে পারিবেন। তবে সাময়িক সনদ ইস্যুর ৬০ (ষাট) দিনের মধ্যে উপ-অনুচ্ছেদ ১ এ উল্লিখিত সকল কাগজপত্র যথাযথভাবে সরবরাহ করিতে হইবে, অন্যথায় সাময়িক নিবন্ধন সনদ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলিয়া গণ্য হইবে। কোন বায়িং হাউজ এর অনুকূলে একবারের বেশী সাময়িক সনদ ইস্যু করা যাইবে না।

৩) উপ-অনুচ্ছেদ ১ এর কাগজপত্র প্রাপ্তি সাপেক্ষে ও প্রয়োজনে পরিদর্শন প্রতিবেদনে প্রাপ্ত তথ্যাদির আলোকে নিবন্ধক, ৬০ দিনের মধ্যে নিবন্ধন সনদ প্রদান করিবেন। নিবন্ধন সনদের মেয়াদ হইবে ০৩ (তিন) বছর।

৪) যথাযথ পদ্ধতিতে আবেদন ও প্রয়োজনীয় দলিলপত্র দাখিলের পরেও নির্ধারিত সময়ের মধ্যে নিবন্ধন সনদ প্রাপ্তিতে অহেতুক বিলম্ব ঘটিলে আবেদনকারী সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয় বরাবরে অভিযোগ দাখিল করিতে পারিবে।

